# ফির্‌কাহ নাজিয়া

বিভাগ/অধ্যায়ঃ নিফাকে আসগর

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

নিফাকে আসগর

নিফাকে আসগর (ছোট মুনাফেকী) কর্মগত নিফাক (কপটতা)কে বলা হয়। যেমন মুনাফিকদের চরিত্রগুণে কলুষিত সেই মুসলিম যার প্রসঙ্গে রসূল বলেন, “মুনাফিকদের লক্ষণ তিনটি; কথা বললে মিথ্যা বলে, প্রতিশ্রুতি দিলে তা ভঙ্গ করে, এবং তার নিকট কিছু আমানত রাখা হলে খিয়ানত (বিনষ্ট) করে।” (বুখারী ও মুসলিম)

তিনি আরো বলেন, “চারটি গুণ যার মধ্যে পাওয়া যাবে সে খাটি মুনাফিক হবে; আর যার মধ্যে ঐ গুণসমূহের একটি গুণ হবে, তা বর্জন না করা পর্যন্ত তার মধ্যে মুনাফেকীর এক আচরণ বিদ্যমান থাকবে, কথা বললে মিথ্যা বলা, অঙ্গীকার করলে ভঙ্গ করা, চুক্তি করলে ভঙ্গ করা এবং বাদানুবাদ করলে অশ্লীল বলা।” (বুখারী ও মুসলিম)

অবশ্য এই নিফাক তার সংশ্লিষ্ট ব্যক্তিকে ইসলাম থেকে বহিষ্কার করে না। তবে তা কাবীরা গোনাহ (মহাপাপ) নিশ্চয় বটে।

ইমাম তিরমিযী বলেন, উলামাগণের নিকট উক্ত (হাদীসের) অর্থ, কর্মগত নিফাক (কপটতা)। মিথ্যাজ্ঞান করার নিফাক তো রসূল (সা.)-এর যুগেই ছিল। (জামেউল উসূল ১১ খন্ড ৫৬৯ পৃষ্ঠা হতে সংগৃহীত)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12414

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন